



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কচুয়া সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, কচুয়া, চাঁদপুর
Email: kachuatc@gmail.com
মোবাইলঃ ০১৭১১-৪৭৬৬০৮



অংশীজনের সমন্বয়ে গঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আবুল কালাম আজাদ, অধ্যক্ষ, অত্র প্রতিষ্ঠান
তারিখ ও সময় : ০৪ নভেম্বর ২০২৪ খ্রি., রোজ সোমবার সকাল ১১:৩০ ঘটিকা
সভার স্থান : সভা কক্ষ, অত্র প্রতিষ্ঠান
সভায় উপস্থিতি : পরিশিষ্ট "ক"

ক্রমিক নং	আলোচ্য সূচি	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি দপ্তর
০১	ষষ্ঠ হতে দশম শ্রেণির ভর্তি কার্যক্রম	সঠিকভাবে ভর্তি কার্যক্রম সম্পন্ন না হলে, দরকারি তথ্য/কাগজপত্র শিক্ষার্থীদের নিকট হতে গ্রহণ করে একাডেমিক শাখায় জমা না করলে প্রয়োজনের সময় তথ্য পাওয়া যায় না। এজন্য ২০২৫ শিক্ষাবর্ষের ষষ্ঠ হতে দশম শ্রেণির ভর্তি কার্যক্রম সুষ্ঠুভাবে সমাধানকল্পে সহযোগী একাডেমিক ইনচার্জকে আহ্বায়ক করে কমিটি গঠনের সিদ্ধান্ত হয়।	ভর্তি ফরম তৈরি, বিতরণ, ভর্তির মানি রিসিপ্ট তৈরি, ভর্তির জন্য পুনরায় ফর্ম জমা নেওয়া, ভর্তি রেজিস্টারে এবং হাজিরা খাতায় নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের নাম তোলা, ২০২৫ শিক্ষাবর্ষের জন্য সিলেবাস প্রনয়ণ ইত্যাদি কার্যক্রমের জন্য ০৭ সদস্যবিশিষ্ট কমিটি গঠন	০৭ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি যার আহ্বায়ক কামরুল হাসান, ইন্সট্রাক্টর (রসায়ন), সহযোগী একাডেমিক ইনচার্জ, অত্র প্রতিষ্ঠান
০২	ষষ্ঠ, সপ্তম, অষ্টম শ্রেণির বার্ষিক পরীক্ষা দশম শ্রেণির নির্বাচনী পরীক্ষা নবম শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা	বিগত সময়ে পরিলক্ষিত হয়েছে যে, পরীক্ষাকালীন বিভিন্ন রকম অনিয়ম ঘটে, যেমন- প্রশ্নপত্র, মূল্যায়নকৃত উত্তরপত্র সঠিক সময়ে জমা পাওয়া যায় না, ইত্যাদি। গঠিত কমিটির দায়িত্বে গ্যাপ দেখা যায়। এমতাবস্থায় উক্ত সমস্যা সমাধানকল্পে এবং মনিটরিং কার্যক্রম জোরদারকরণের লক্ষ্যে সভাপতি সকলকে তাদের কর্তব্যবোধ সম্পর্কে সচেতন করেন এবং একাডেমিক ইনচার্জকে আহ্বায়ক করে ০৭ সদস্য বিশিষ্ট নতুন কমিটি গঠন করেন।	শুধুমাত্র বার্ষিক ও নির্বাচনী পরীক্ষার জন্য একাডেমিক শাখায় প্রশ্নপত্র জমাদানঃ ১০-নভেম্বর-২৪ এর মধ্যে; পরীক্ষার উত্তরপত্র জমাদানঃ ১৫-ডিসেম্বর-২৪ এর মধ্যে (সাথে উক্ত ক্লাস টিচারের নিজে তৈরি করা উত্তরপত্র সহ); চূড়ান্ত রেজাল্ট প্রকাশঃ ১৮-ডিসেম্বর -২৪	০৭ সদস্য বিশিষ্ট গঠিত কমিটি যার আহ্বায়ক মোঃ ছগীর আহমেদ, ইন্সট্রাক্টর (পদার্থ), একাডেমিক ইনচার্জ, অত্র প্রতিষ্ঠান

ক্রমিক নং	আলোচ্য সূচি	বিস্তারিত আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারি দপ্তর
		শিক্ষার্থীদের জন্য ট্রান্সক্রিপ্ট তৈরি করাও কমিটির অন্যতম দায়িত্ব বলে বিবেচিত হবে।		
০৩	কারিগরি শিক্ষার প্রচার-প্রচারনা	বর্তমানের এই কর্মচাক্ষুর্যের যুগে কারিগরি শিক্ষার কোনো বিকল্প নেই। সভাপতি কারিগরি শিক্ষার প্রয়োজনীয়তার বিস্তারিত বর্ণনা করেন। আশে-পাশের এলাকাবাসির মধ্যে এই কারিগরি শিক্ষার প্রয়োজনীয়তা ছড়ানোর জন্য নতুন করে লিফলেট প্রনয়ণের গুরুত্ব তুলে ধরেন।	ট্রেডসমূহ এবং শিক্ষকদের তথ্য সংযোজিত করে নতুন লিফলেট প্রনয়ণ করা	আনাছ আল-জায়েদ, ইন্সট্রাক্টর (বাংলা)
০৪	সরকারি ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণ	বিগত জুলাই-২৪-এ দপ্তর বন্টনের সময় আইসিটি শাখার দায়িত্বে থাকা সরকারি ওয়েবসাইট নিয়মিত হালনাগাদকরণে ঘাটতি পরিলক্ষিত হয়। উক্ত শাখায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তরা হালনাগাদকরণের কাজটি সূচাধরুপে সম্পন্ন করার জন্য অধ্যক্ষ মহোদয়ের নিকট প্রয়োজনীয় ট্রেইনিং এর আবেদন জানান এবং অধ্যক্ষ মহোদয় তাতে সম্মতি জ্ঞাপন করেন। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে প্রশিক্ষিত কর্মকর্তা-কর্মচারির লক্ষ্যমাত্রাও এয় ট্রেইনিং এর মাধ্যমে পূরণ হবে।	প্রয়োজনীয় ট্রেইনিং এর ব্যবস্থাকরণ	অধ্যক্ষ মহোদয়, অত্র প্রতিষ্ঠান
০৫	এপিএ-র দ্বিতীয় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জন	গত ২৯-অক্টোবর-২৪ এ অনুষ্ঠিত এপিএ-র প্রথম কোয়ার্টারের ফিডব্যাক প্রদান সভায় অত্র প্রতিষ্ঠান হতে যোগদান করেন এপিএ ইনচার্জ নুরুল হুদা, ইন্সট্রাক্টর (আর এন্ড এসি)। অধ্যক্ষ মহোদয় উক্ত ফিডব্যাক সভার বিস্তারিত জানতে চাইলে এপিএ ইনচার্জ অধ্যক্ষ মহোদয়কে বিস্তারিত জানান। এর পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ মহোদয় দ্বিতীয় ত্রৈমাসিকের প্রতিবেদনে প্রয়োজনীয় কারেকশন করার পরামর্শ দেন।	এপিএ-র দ্বিতীয় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ	এপিএ শাখা, অত্র প্রতিষ্ঠান

০৪/১০/২৪

মোঃ আবুল কালাম আজাদ

অধ্যক্ষ, কচুয়া সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, কচুয়া, চাঁদপুর